দৈনিক জনকণ্ঠ

তারিখ ............

পৃষ্ঠা 2 কলাম 3

NOV. 11 2002

# এফএইচ হলের গেট ভেঙ্গে ছাত্র শিক্ষকের ওপর পুলিশের হামলার নিন্দা

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফজলুল হক হলের গেট ভেঙ্গে ছাত্র-শিক্ষকদের ওপর পুলিশের ন্যক্কারজনক হামলার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি। শিক্ষকবৃন্দ এই ঘটনার জন্য প্রধানমন্ত্রী ও স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে বিচার প্রার্থনা করেছেন। শনিবার রাতে শিক্ষক সমিতির কার্যকরী পরিষদের এক জরুরী সভায় এই সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় কয়েকদিন আগে ফজলুল হক হলের সামনে এক ছাত্রকে বাস থেকে ফেলে দেয়ায় তার মৃত্যু এবং একইভাবে আরেক ছাত্রকে আহত করার ঘটনায় তীব্র নিন্দা জানানো হয়। ভবিষ্যতে যাতে এ ধরনের অনভিপ্রেত ঘটনার পুনরাবৃত্তি না ঘটে সে জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানানো হয়।

সভায় সুষ্ঠু তদন্তের মাধ্যমে হামলার জন্য দায়ী পুলিশ সদস্যদের চিহ্নিত করে তাদের বিচারের জন্য প্রধানমন্ত্রী ও স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে দাবি জানানো হয়।